অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/5/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নভেল করোনাভাইরাস ব্রিফিং-এ, গভর্নর কুউমো আরও 11 টি ঘটনা নিশ্চিত করেছেন - যা নিউ ইয়র্ক স্টেটের মোট সংখ্যাকে 22-এ উন্নীত করে

বর্তমানে নাসাউ কাউন্টিতে 1টি, ওয়েস্টচেস্টার কাউন্টিতে 1টি এবং NYC-তে 3টি ঘটনা পাওয়া গেছে

অ্যালবেনিতে স্টেটব্যাপী ইমার্জেন্সি অপারেশন সেন্টার এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে 2টি ইমার্জেন্সি অপারেশনস সেন্টার আউটপোস্ট খোলা হয়েছে - হাথর্নে 1টি এবং নিউ রোশেলে 1টি

নভেল করোনাভাইরাস নিয়ে এক ব্রিফিং-এ, গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ আরও 11টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটের মোট নিশ্চিত ঘটনার সংখ্যা 22-এ উন্নীত করে। এই ভাইরাসের জন্য নিশ্চিত পরীক্ষিত 22 জনের মধ্যে, একজন নাসাউ কাউন্টিতে বাস করেন, তিনজন নিউ ইয়র্ক সিটিতে বাস করেন এবং 18 জন ওয়েস্টচেস্টার কাউন্টিতে থাকেন। ক্রমবর্ধমান ঘটনার প্রতিক্রিয়া হিসাবে, গভর্নর অ্যালবেনিতে স্টেটব্যাপী ইমার্জেন্সি অপারেশন সেন্টার (Emergency Operation Center, EOC), সাথে ওয়েস্টচেস্টার কাউন্টিতে দুটি ইমার্জেন্সি অপারেশনস সেন্টার আউটপোস্ট সক্রিয় করেছেন: একটি হাথর্নে এবং একটি নিউ রোশেলে।

"যখন আমরা এই উদ্ভূত পরিস্থিতির সম্মুখীন হচ্ছি নিউ ইয়র্কবাসীদের ভীতির দিকে নজর না দিয়ে সত্যের দিকে নজর দেয়া উচিৎ, এবং ঘটনাগুলো যে উদ্বেগের আমরা পর্যবেক্ষণ করছি তার প্রমাণ পায়না যায়নি," **গভর্নর কুওমো বলেন।** "ঘটনার সংখ্যা বাড়বে কারণ তা গাণিতিক - যত বেশি পরীক্ষা করা হবে, তত বেশি আক্রান্তের ঘটনা পাওয়া যাবে। আমরা আরও বেশি লোকের পরীক্ষা নিরীক্ষা করছি, ভাইরাসটির সংস্পর্শে আসা যে কোনও ব্যক্তিকে আমরা বিচ্ছিন্ন করে রাখছি এবং প্রয়োজন হলে লোকেদের সেবাদানের ব্যবস্থা নিচ্ছি।"

ইমার্জেন্সি অপারেশনস সেন্টারস

গভর্নর স্টেটব্যাপী ইমার্জেন্সি অপারেশন সেন্টার - বা EOC- সক্রিয় করেছেন অ্যালবেনিতে, সাথে ওয়েস্টচেস্টার কাউন্টিতে দুটি ইমার্জেন্সি অপারেশনস সেন্টার আউটপোস্ট সক্রিয় করেছেন: একটি হাথর্নে এবং একটি নিউ রোশেলে। এই EOC এবং EOC আউটপোস্টগুলো কেন্দ্রীয় কমান্ড সেন্টার হিসাবে কাজ করে, যেখানে জরুরী ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management) এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (Division of Homeland Security) এবং জরুরী পরিষেবার

(Emergency Services) কর্মীরা প্রাদুর্ভাবের আরও নিবিড় নিরীক্ষণ ও প্রতিক্রিয়া জানাতে, স্বাস্থ্য অধিদপ্তরের (Department of Health) বিশেষজ্ঞদের সাথে সমন্বয় করতে পারে, তাৎক্ষণিক যোগাযোগের সর্বশেষ তথ্য সরবরাহ করতে পারে এবং অন্যান্য সংস্থার সাথে প্রতিক্রিয়া প্রচেষ্টার সমন্বয় করতে পারে। এই EOC এবং EOC আউটপোস্টগুলো এই প্রকোপটি প্রশমিত হওয়ার আগ পর্যন্ত সচল থাকবে।

অধিকন্তু, স্টেট নাসাউ কাউন্টি এবং অন্যান্য স্থানে পরিস্থিতি পর্যবেক্ষণ করে চলেছে এবং যেকোনো স্থানে পরিস্থিতির প্রয়োজনীয়তা অনুসারে EOC অপারেশন আউটপোস্ট দেয়া হবে।

করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) নিয়ে নিউ ইয়র্ক স্টেটের প্রতিক্রিয়া সম্পর্কিত আরও তথ্য পাওয়া যাবে এখানে: https://www.health.ny.gov/diseases/communicable/coronavirus/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন